

পরীক্ষার্থীদের হাতে নকল তুলে দিচ্ছেন শিক্ষকরা!

ভূঞাপুরের তিন কেন্দ্র

■ ভূঞাপুর (টাঙ্গাইল) সংবাদদাতা

টাঙ্গাইলের ভূঞাপুরে জুনিয়র স্কুল সার্টিফিকেট (জেএসসি) পরীক্ষায় শিক্ষার্থীরা প্রকাশ্যে নকল করলেও দায়িত্বপ্রাপ্ত শিক্ষকরা থাকেন দর্শকের ভূমিকায়। উপরন্তু কোমলমতি শিক্ষার্থীদের হাতে নকল তুলে দেওয়ার অভিযোগ উঠেছে কেন্দ্রে দায়িত্বপ্রাপ্ত শিক্ষকদের বিরুদ্ধে। কয়েকদিনে সরেজমিনে নিকরাইলের তিনটি কেন্দ্রের এমন চিত্র দেখা গেছে। বিশেষ করে শমসের ফকির ডিগ্রী কলেজ ভেন্যুতে নকলের প্রবণতা ভয়াবহ।

জেএসসি
পরীক্ষায়
শিক্ষকদের
ম্যানেজ
করে প্রশ্ন
বাইরে
আনা হয়

দেখা গেছে, পরীক্ষার্থীদের স্বজনরা শিক্ষকদের ম্যানেজ করে প্রশ্ন বাইরে নিয়ে আসে। এরপর তারা প্রশ্নের উত্তর কাগজে লিখে জানালা দিয়ে শিক্ষার্থীদের কাছে পৌঁছে দেয়। শিক্ষকরাও সেটি না দেখে এড়িয়ে যান। এরপর শিক্ষকদের সামনেই চলে নকল। পরীক্ষা চলাকালীন সময়ে কোনো কর্মকর্তা হলে, ঢুকতেই পরীক্ষার্থীদেরকে সতর্ক করে দেয় শিক্ষকরা। আর এভাবেই চলছে জেএসসির প্রত্যেকটি পরীক্ষা।

নিকরাইল কেন্দ্রের তিনটির ভেন্যুর দায়িত্বে রয়েছে উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা মো. শাহীনুর ইসলাম। পরীক্ষা শেষে একাধিক শিক্ষার্থীর সঙ্গে কথা বললে তারা জানায়, নকল করার সময় স্যাররা আরো সাহায্য করে। নকল ছাড়াও অনেকাংশে শিক্ষকরা আমাদের প্রশ্নের উত্তর বলে দেয়। এ বিষয়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা মোহাম্মদ আবদুল আওয়াল বলেন, পরীক্ষা কেন্দ্রে নকল হওয়ার কোনো সুযোগ নেই। নিকরাইল কেন্দ্র উপজেলা মাধ্যমিক শিক্ষা কর্মকর্তা নিজে পর্যবেক্ষণ করছেন। এ ধরনের কোনো অভিযোগ পাওয়া যায়নি।